

সংকলনের পরিধি

এই রিপোর্টে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঢাকা ও চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের আওতাধীন মোট ১৯৯টি নিরীক্ষাযোগ্য ইউনিটের মধ্যে ২৫টি ইউনিটের বিভিন্ন সালের গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়-ক্ষতি সম্পর্কিত ৪৭টি স্বতন্ত্র আপত্তির মধ্যে ২৬টি স্বতন্ত্র আপত্তিকে একীভূত করিয়া ৭টি যৌথ খসড়া অনুচ্ছেদ ও অবশিষ্ট ২১টি আপত্তিকে স্বতন্ত্র খসড়া অনুচ্ছেদ হিসাবে অর্থাৎ (৭+২১)=২৮টি খসড়া অনুচ্ছেদকে অন্তর্ভুক্ত করা হইয়াছে। এ রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটিপূর্ণ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত হইয়াছে, তাহা উত্থাপিত সময়ের (অথবা তাহার পূর্ববর্তী সময়ের) সমগ্র লেনদেনের যে ক্ষুদ্রাতি ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে উহারই সামান্য কিছু প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্যগুলি উদাহরণমূলক এবং তাহা কোন মতেই স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঢাকা ও চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের আর্থিক শৃংখলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নহে।